গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dghs.gov.bd



স্মারক নং- ডিজিএইচএস/এইচ.আর.এম/অধ্যাপক পদোন্নতি/২০২৬/১৪৬৫

তারিখঃ ৩০ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / ১৫ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়ঃ অধ্যাপক পদে পদোন্নতির জন্য আবেদন গ্রহণ প্রসঙ্গে।

সূত্রঃ ১. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্যসেবা বিভাগের পার-১ শাখার স্মারক নং ৪৫.০০.০০০০.১৮৯.১২.০০৭.২৬.৯৭৩ তারিখ: ১৩ আগস্ট ২০২৬ খ্রি.
২. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্যসেবা বিভাগের পার-১ শাখার স্মারক নং ৪৫.০০.০০০০.১৪৭.১৯.০১৫.২৬(অংশ-১).১৪৪১ তারিখ: ২৬ অক্টোবর ২০২৬ খ্রি.
৩. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্যসেবা বিভাগের পার-১ শাখার স্মারক নং ৪৫.০০.০০০০.১৪৭.১৯.০১৫.২৬(অংশ-১).১৪৭৯ তারিখ: ৩ নভেম্বর ২০২৬ খ্রি.

উপরোক্ত সূত্র সমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এসএসবি'র মাধ্যমে অধ্যাপক (গ্রেড-৩) পদে পদোন্নতির লক্ষ্যে বিষয়ভিত্তিক জ্যেষ্ঠতা তালিকা তৈরীর উদ্দেশ্যে বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/স্বাস্থ্য সার্ভিসে কর্মরত আগ্রহী চিকিৎসকগণের নিকট থেকে আগামী **১৫-১১-২০২৬ খ্রি. থেকে ২৯-১১-২০২৬ খ্রি.** পর্যন্ত নিম্নলিখিত শর্ত সাপেক্ষে অফিস চলাকালীন সময়ে আবেদন গ্রহণ করা হবে।

শর্তসমূহঃ

১। স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং ৪৭৩, তারিখ ২০/০৯/২০২৬ ইং অনুযায়ী সঠিক তথ্য দিয়ে এইচ.আর.আই.এস প্রোফাইল বিসিএস ব্যাচ, বিসিএস নিয়োগের প্রজ্ঞাপন ও ক্রমিক নং, বিসিএস মেধাক্রম, নিয়মিতকরণের তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে), এমবিবিএস/বিডিএস ডিগ্রীর সনদ, বিএমডিসি রেজিস্ট্রেশন, উচ্চতর ডিগ্রীর সনদ ও বিএমডিসি রেজিস্ট্রেশন, প্রথম পদায়নের আদেশ ও যোগদানপত্র,মূল পদবী, মূল পদবীতে যোগদানের তারিখ, বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখ, সকল পদায়নের তথ্য, সকল পদোন্নতির তথ্য, চাকুরী স্থায়ীকরণের তথ্য,বিভাগীয় পরীক্ষার তথ্য, সিনিয়র স্কেল পরীক্ষার তথ্য, পাবলিকেশনের তথ্য, পরবর্তী পদোন্নতির পদবি (Desired Next Promotion) ও পরবর্তী পদোন্নতির ডিসিপ্লিন (Desired Discipline of Next Promotion) ইত্যাদি সঠিকভাবে এইচ.আর.আই.এস প্রোফাইলে যথাস্থানে পূরণ করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। ভুল/ মিথ্যা তথ্যের জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না। এনক্যাডার কর্মকর্তাগণ বিসিএস ব্যাচ এর স্থলে 'Encadre' উল্লেখ করবেন।

২। এম বি বি এস/ বিডিএস ডিগ্রির সনদপত্র ও বিএমডিসি কর্তৃক হালনাগাদ নিবন্ধন এইচ.আর.আই.এস প্রোফাইলে আপলোড থাকতে হবে।

৩। সংশ্লিষ্ট বিষয়ে উচ্চতর ডিগ্রীর সনদপত্র এবং বিএমডিসি কর্তৃক হালনাগাদ নিবন্ধন এইচ.আর.আই.এস প্রোফাইলে আপলোড থাকতে হবে।

৪। চাকরির প্রথম যোগদানের আদেশ ও যোগদানপত্রের কপি, নিয়োগের আদেশ/প্রজ্ঞাপন এইচ.আর.আই.এস প্রোফাইলে যথাস্থানে আপলোড থাকতে হবে।

৫। সহকারী অধ্যাপক এবং সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির আদেশ ও যোগদানপত্রের কপি এইচ.আর.আই.এস প্রোফাইলে আপলোড থাকতে হবে।

৬। বর্তমান কর্মস্থলে যোগদানের বিষয় যোগদানপত্র এইচ.আর.আই.এস প্রোফাইলে আপডেট থাকতে হবে।

৭। শিক্ষকতার অভিজ্ঞতা (ক্ষেত্র বিশেষে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক প্রমার্জনা যোগ্য)- **ফরেনসিক মেডিসিন ব্যতীত**

নিম্নলিখিত স্নাতকোত্তর ডিগ্রির ক্ষেত্রে ফিডার পদে ন্যূনতম ৫ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

i. PhD; D. Sc; Dr. P.H; DPhil;
ii. FCPS;
iii. MD(DU); MS (Orth/ Surgery) (DU); MCHD; M.Ch; M. Sc; MPhil
iv. FRCS; MRCP; MRCOG; MRC (Path); FRCR; FFA; FFR
v. DMRD; DMRT; DPM

অথবা, নিম্নলিখিত স্নাতকোত্তর ডিগ্রির ক্ষেত্রে ফিডার পদে ন্যূনতম ৭ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।
DPath; DBact; DB; DCP; DPH; MPH; DIH; DCH; DD; DDV; DA; DO; DLO; DGO; DDO; Dip.Ortho; FAO(Germany-GDR); D.Phys (UK); DRCOG(UK); DCM(NIPSOM)

অথবা, নিম্নলিখিত স্নাতকোত্তর ডিগ্রির ক্ষেত্রে ফিডার পদে ন্যূনতম ৮ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।
TDD; DTCD; DTM & H; MSc (Community Medicine, Singapore); DHSA (UK)

Forensic Medicine & Toxicology বিষয়ে আবেদনের ক্ষেত্রে যোগ্যতাসম্পন্ন চিকিৎসকগন Forensic Medicine ও Medical Jurisprudence বিষয়ে সহযোগী অধ্যাপক পদে অথবা বি এম ডি সি স্বীকৃত সমমানের পদে ০৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। আবেদনকারীর গবেষণার কাজে অভিজ্ঞতা এবং বিএমডিসি স্বীকৃত জার্নালে মূল গবেষণাপত্র থাকলে অগ্রাধিকার পাবেন।

৮। পূর্ববর্তী পদোন্নতি যে বিষয়ে প্রাপ্ত হয়েছেন, সেই বিষয় ব্যতীত অন্য বিষয়ে আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে। তবে উল্লেখ থাকে যে, যে সকল বিষয়ে বাংলাদেশে স্নাতকোত্তর ডিগ্রী চালু হয় নাই সেই সব বিষয়ের ক্ষেত্রে মূল বিষয়ে (মাদার সাবজেক্ট) ডিগ্রিধারীদের আবেদন গ্রহণ করা হবে।

৯। চাকুরির স্থায়ীকরণের আদেশ ও সিনিয়র স্কেল পাসের গেজেট এইচ.আর.আই.এস প্রোফাইলে আপলোড থাকতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে চাকরি নিয়মিতকরণের আদেশ এইচ.আর.আই.এস প্রোফাইলে আপলোড থাকতে হবে।

১০। আবেদনকারীর স্বাক্ষর এবং জাতীয় পরিচয়পত্রের (NID) কপি এইচ.আর.আই.এস প্রোফাইলে আপলোড করতে হবে।

১১। বিসিএস ক্যাডারভুক্ত কর্মকর্তাদের ক্ষেত্রে প্রথম যোগদানের তারিখই স্থায়ীকরণের তারিখ হিসেবে গণ্য হবে। যাঁরা এডহক/প্রকল্প থেকে পরবর্তীতে বিসিএস-এর বিভিন্ন ব্যাচে যোগদান করেছেন, সে সকল কর্মকর্তার ক্ষেত্রে বিসিএস-এ যোগদানের তারিখ থেকে সরকারি চাকরিতে প্রথম যোগদানের তারিখ হিসেবে গণ্য হবে এবং এই তথ্য এইচ.আর.আই.এস প্রোফাইলে আপডেট থাকতে হবে।

১২। ধারাবাহিক গবেষণা কার্যক্রম এবং বিএমডিসি কর্তৃক স্বীকৃত দেশী/বিদেশি মেডিকেল জার্নালে কমপক্ষে ০৫ টি প্রকাশনা থাকতে হবে এবং প্রত্যেক প্রকাশনার কভার পৃষ্ঠা ও সূচিপত্র এইচ.আর.আই.এস প্রোফাইলে আপলোড করতে হবে। বিএমডিসি -স্বীকৃত নয় এমন জার্নালে প্রকাশিত প্রবন্ধের ক্ষেত্রে বিএমডিসি এর প্রত্যয়নপত্র এইচ.আর.আই.এস এ **"GO"**-তে সংযুক্ত করতে হবে।

১৩। বিগত ৫ বছরের বার্ষিক/আংশিক (প্রযোজ্য ক্ষেত্রে) গোপনীয় অনুবেদন (২০২০–২০২৪) এসিআর শাখায় জমা থাকতে হবে এবং স্ক্যান কপি এইচ.আর.আই.এস প্রোফাইলে আপডেট থাকতে হবে।

১৪। এইচ.আর.আই.এস প্রোফাইলে ভুল/মিথ্যা তথ্য প্রদান করলে আবেদনটি সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫। জনপ্রশাসন মন্ত্রণালয়ের এসএসবি-এর বিবেচনার জন্য চেক লিস্ট মোতাবেক নিম্নবর্ণিত কাগজপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত সময়ের মধ্যে স্বাস্থ্য অধিদপ্তরের গ্রহন শাখায় এন্ট্রি পূর্বক এইচআরএম শাখা (চতুর্থ তলা, কক্ষ নং ৪১৫), নতুন ভবন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবর জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো। উল্লিখিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহন করা হবে না।

প্রয়োজনীয় কাগজপত্র-

১. আবেদনপত্র — ২ কপি।
২. হালনাগাদ পূর্ণাঙ্গ এইচ.আর.আই.এস বায়োডাটা — ১০ কপি।
৩.নব নিয়োগ শাখা, জন প্রশাসন মন্ত্রনালয়ের প্রজ্ঞাপন---০২ কপি.
৪. চাকরি নিয়মিতকরণের আদেশের কপি — (প্রযোজ্য ক্ষেত্রে) ৫ কপি।
৫. চাকরি স্থায়ীকরণের আদেশ — ৫ কপি।

৬. সহকারী অধ্যাপক পদে পদোন্নতির আদেশ — ৫ কপি।
৭. সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির আদেশ — ৫ কপি।
৮. সিনিয়র স্কেল পাশের প্রজ্ঞাপন—০২ কপি
৯. বিএমডিসি রেজিস্ট্রেসন---০২ কপি (স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী)
১০. এম বি বি এস/ বিডিএস এবং স্নাতকোত্তর ডিগ্রীর সনদ ---০২ কপি
১১. বিএমডিসি কর্তৃক স্বীকৃত দেশি/বিদেশি মেডিকেল জার্নালে প্রকাশিত গবেষণা পত্র — প্রতিটি ২ সেট। প্রতি পাতায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধ্যক্ষ/বিভাগীয় প্রধান/অফিস প্রধান কর্তৃক সত্যায়িত হতে হবে। বিএমডিসি -স্বীকৃত নয় এমন জার্নালে প্রকাশিত প্রবন্ধের ক্ষেত্রে বিএমডিসি এর প্রত্যয়নপত্র আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে। প্রতিটি প্রকাশনার সঙ্গে জার্নালের Cover Page ও Contents Page দিতে হবে। প্রকাশনার গ্রহণযোগ্যতা মন্ত্রণালয়ের নীতিমালা অনুযায়ী নির্ধারিত হবে। বিএমডিসি –স্বীকৃত দেশী জার্নালের তালিকা https://www.bmdc.org.bd/about-journal-এ পাওয়া যাবে।
১২. ফিডার পদে অভিজ্ঞতার সনদ—০৫ কপি
১৩. আদালতে মামলা/ বিভাগীয় মামলা নেই মর্মে প্রত্যয়ন-০২ কপি
১৪. ক্যাডার কম্পোজিশন রুলস- ০৫ কপি.
১৫. পদ সৃষ্টির মঞ্জুরিপত্র ও অনুমোদিত অর্গানোগ্রাম — ৫ কপি। (যেসব প্রতিষ্ঠানে আবেদনকারীর সংশ্লিষ্ট বিষয়ে রাজস্ব খাতে অধ্যাপক পদ সৃষ্টি হয়নি, সেসব ক্ষেত্রে এটি প্রযোজ্য নয়।)
১৬. ২০২০–২০২৪ সাল পর্যন্ত বার্ষিক গোপণীয় প্রতিবেদন (এসিআর)—স্বাস্থ্য অধিদপ্তরের এসিআর শাখায় স্ক্যান করে জমা থাকতে হবে।

ইতিপূর্বে যারা আবেদন করেছেন তারা পুনরায় আবেদন করবেন।

এতে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

15.11.25

(অধ্যাপক ডা. জালাল উদ্দিন মোহাম্মদ রুমী)
পরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
সেলফোন-০১৭০১২৪৮০০৩
ই-মেইলঃ hrm@ld.dghs.gov.bd

স্মারক নং- ডিজিএইচএস/এইচ.আর.এম/অধ্যাপক পদোন্নতি/২০২৬/১৪৬৫৩(৭) তারিখঃ ১৫ নভেম্বর ২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষণ-সহকারী পরিচালক (সমন্বয়)।
৩। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষণ-সহকারী পরিচালক (সমন্বয়)।
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/ পরিকল্পনা ও উন্নয়ন) স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। পরিচালক···সকল (স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭। পরিচালক (এমআইএস) দৃষ্টি আকর্ষণঃ- সহকারী পরিচালক-এমআইএস, (স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ ও এইচ, আর,আই, এস প্রোফাইল এর তথ্য হালনাগাদ করণ সংক্রান্ত এবং নির্দিষ্ট সময়ে বন্ধ করার প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।)
৮। অধ্যক্ষ···.সকল (মেডিকেল কলেজ/আই এইচ টি/ ম্যাটস সমূহ।
৯। পরিচালক···.সকল (বিশেষায়িত হাসপাতাল ও ইন্সিটিউট এবং মেডিকেল কলেজ হাসপাতাল সমূহ।)
১০। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/খুলনা/রাজশাহী/রংপুর বিভাগ।
১১। যুগ্মসচিব (পার) এর ব্যক্তিগত কর্মকর্তা,স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সিনিওর সহকারী সচিব, পার-১ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সিভিল সার্জন (সকল)
১৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)
১৫। অফিস কপি।

15.11.25

(অধ্যাপক ডা. জালাল উদ্দিন মোহাম্মদ রুমী)
পরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।